৭৮৬/৯২

আস্সাবুতুল গায়বিয়াহ

আলা রাদ্দিল ওয়াহাবিয়াহ

এর বঙ্গানুবাদ

Pdf By Syed Mostafa Sakib

ডক্টর. মুফতি মোহাম্মাদ শাকিল আহমাদ আলবী

আসবিনগর, কাহলা, রতুয়া, মালদা।

৭৮৬/৯২

আস্‌সাবুতুল গায়বিয়াহ

আলা রাদ্দিল ওয়াহাবিয়াহ"।

উর্দূ রচয়িতাঃ-

পীরে ত্বরীকত, মোফাস্‌সিরে কোরআন
মুফতি, মোহাম্মাদ শাকিল আহাম্মাদ
আসবী রেজবী।
[redacted] – [redacted]

বাংলা অনুবাদকঃ-

[redacted]
মৌলানা মোহাঃ ফজলুর রহমান
রেজাতপুর, দক্ষিণ দিনাজপুর।
মোবাইল- ৯৮০০৬০৯১২২
[redacted]

pdf By Syed Mostafa Sakib

প্রকাশকঃ-

তানজিমে আবনায়ে আসবিয়া
আসবিনগর, কাহালা, রতুয়া, মালদা।
দূরভাষঃ- ৯৭৩৪১৮০৪৭১

pdf By Syed Mostafa Sakib

প্রকাশক কৃর্তক সর্ব শ্বত্ব সংরক্ষিত।

বাংলা ভাষায় প্রথম প্রকাশ ডিসেম্বর-২০১৪

উৎসাহ প্রদানেঃ-

মৌলানা মুখতার আলম ও আঞ্জুমানে গৌসুল ওরা বিন্দোল।

প্রুফ সংশোধন-

মুফতী শেখ আব্দুল কাইয়ুম রেজবী।

প্রিন্সিপাল-

আলজামিয়াতুল আসবিয়া মিশন, কাহালা, রতুয়া, মালদা।

বিনিময়ঃ- ৪০ টাকা মাত্র।

প্রাপ্তিস্থানঃ-

১। আলজামিয়াতুল আসবিয়া মিশন, কাহালা, রতুয়া, মালদা।
২। সাইদ বুক ডিপো- নিউ মার্কেট, কালিয়াচক।
৩। কুল্লিয়াতুল বানাত গুলশানে যোহরা দক্ষিণ ভবানিপুর,মালদা।
৪। পরিহারপুর মাদ্রাসা বিন্দোল, উঃ দিনাজপুর।

ইহাছাড়া সফরকালীন বিভিন্ন ধর্মীয় সভায় পাওয়া যাইবে।

মুদ্রণেঃ- উজালা প্রেস, রসাখোয়া, উত্তর দিনাজপুর।

-ঃঃ সূচী পত্র ঃঃ-

বিষয়ঃ	পাতা নং-
১। উৎস্বর্গ।	৪
২। স্বীকারক্তি।	৪
৩। লেখকের সংক্ষিপ্ত জীবনি।	৫
৪। অনুবাদকের বক্তব্য।	৬
৫। পুস্তক প্রনোয়নের কারণ।	৮
৬। অভিমত।	১০
৭। পবিত্র কোরআনের উজুল আলোকে ইলমে গায়েবের প্রমাণ।	১১
৮। আকায়েদ আহ্লে সুন্নত।	২৯
৯। দেওবন্দিদের আক্বীদা।	৩৩
১০। পবিত্র কোরান পাকের ভূল অনুবাদের দলিল।	৩৬

ঃঃ উৎস্বর্গ ঃঃ

আমি আমার জীবনের "প্রথম ধাপ" এই পুস্তকটি আমার শিক্ষক হযরত আল্লামা আবুল কালাম আহসানুল কাদরী সাহেবকে তার আত্মার মাগফেরতের উদ্দেশ্যে উৎস্বর্গ করিলাম। যার দুয়ার বরকতে ও নেক দৃষ্টির কৃপায় আমি এতদূর পর্যন্ত অগ্রসর হতে পেরেছি।

উৎস্বর্গকারী **মহঃ শাকীল আহমদ আসবী** চিসতি কাদেরী খাদিম খানকাহ্। আসবী মিশন, কাহালা, রতুয়া, মালদা।

ঃঃস্বীকারোক্তিঃঃ

এই পুস্তক প্রণোয়নের সময় সব দিকেই সম্পূর্ণভাবে দৃষ্টি রাখা হয়েছে। তুবও মানুষ মাত্রই ভূলের পাত্র এই দৃষ্টিতে যদি কোন রকম কিছু ভূল পাঠক বর্গের নজরে আসে তাহলে দয়া করে জানাইয়া বাধিত করবেন।

اَلْاِنْسَانُ مُرَكَّبٌ مِّنَ الْخَطَاءِ وَالنِّسْيَانُ

محمد شکیل احمد آسوی

خادم خانقاہ ابوالعلائیہ جہانگیریہ بیلگچھیا کلکتہ ۳۷

পরবর্তী বাংলা ভাষার সংস্করণে তুলে ধরা হবে। ইনশাআল্লাহ।

লেখকের সংক্ষিপ্ত জীবনি অনুবাদকের কলমে

নামঃ জনাব হজরত মৌলানা মুফতী ডক্টর **মহঃ শাকিল আহ্মদ আসবী** রেজবী বরকাতি।

পিতাঃ জনাব হুজুর **মৌলানা আব্দুল** লতিফ ক্বাদরী।

দাদুঃ জনাব হুজুর **মৌলানা মাওলাবক্স ক্বাদরী।**

জন্ম স্থানঃ ১/৩ জে.কে. ঘুষ রোড, বেলগাছিয়া, কলিকাতা-৩৭

জন্মঃ ইং- ৫ই মার্চ ১৯৭৫, রোজঃ শুক্রবার আনুমানিক ভোর ৪টা থেকে ৪ঃ৩৫ ঘটিকার মধ্যে এই ধরায় আগমন।

ইনাদের পূর্ব পুরুষঃ উত্তর প্রদেশের গাজিপুর জেলার দেওয়াইথা গ্রামের অধিবাসী ছিলেন। ইনাদের বংশধর এবং এই বইয়ের মূল লেখক বংশ পরম্পরায় পীর আছেন।

শিক্ষা জীবনঃ- বাল্যকালে প্রাথমিক শিক্ষা স্বীয় জনক জনাব আব্দুল লতিফ সাহেবের কাছে সমপ্ত করেন।

মেট্রিক পাশঃ (হাই মাদ্রাসা) কলিকাতা বোর্ড।

ফাজেলঃ দার্সে নেজামিয়া বোকারো ষ্টিল বিহার।

মুফতিঃ নাদওয়াতুল ওলামা লাখনৌ ইউপি।

ক্বারীঃ দারুল উলুম জিয়াউল মুস্তাফা হাওড়া, টিকিয়াপাড়া। কামেল, আদীব মাহের, পি.এইচ.ডি. উর্দূ আলিগড় বিশ্ব বিদ্যালয়। এম.এ. ফার্সি মগদ বিশ্ব বিদ্যালয়। আর.এম.পি. ইউনানি মেডিসিন কলিকাতা।

শিক্ষা জীবন সমাপ্ত করার পর ভারত বর্ষের বিভিন্ন জায়গায় কর্ম জীবন শুরু করেন। অনেক মাদ্রাসা তৈরী করেছেন। বর্তমান বাসস্থান যেখানে একটি বিরাট দ্বিতল মাদ্রাসা তৈরী করে সেখানেই স্থায়ীভাবে বসবাস করিতেছেন । মালদা জেলার নিকটবর্তী মিলকির কাছে ভবানীপুর গ্রামে একটি মহিলা মাদ্রাসা তৈরী করেছেন। পীর মুরিদির ব্যাপারে ব্যাপকভাবে প্রচার ও প্রসার আছে ইনার মুরিদ মক্কা, মদীনা, আবু ধাবি, তাছাড়া পাকিস্থানের করাচিতে বাংলাদেশে এবং ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে আছেন।

pdf By Syed Mostafa Sakib

ভারতবর্ষের বিভিন্ন জায়গার বড় বড় ওলিয়ে কামেল এবং বুজুরগানে দ্বীন প্রায় ১৮জন ইনাকে খেলাফত প্রদান করেছেন। নিম্নে কয়েক জনের নাম উল্লেখ করলাম। খেলাফত লাভঃ ১ম ফাইজুল আরেফীন আল্লামা গোলাম আসি পিয়া ১৯৯৪। ২য় আরেফ বিল্লাহঃ সৈয়দ জাকের আলী চিশতি আল ক্বাদেরী আলাইহের রাহমা ১৯৯৫। ৩য় ওয়াকফ্ রমুজ শরিয়ত সুফি আব্দুস সালাম নেহালী ১৯৯৬। ৪র্থ (কলমের বাদশাহ) আল্লামা আরসাদুল ক্বাদরী খাজা গরীব নাওয়াজের উরুসের সময় ১৯৯৬। ৫ম তাজুস শরীয়াহ্ মুফতী আখতার রেজা আযহারী ব্যাভেল ১৯৯৭।

৬ষ্ঠ হযরত ফখরুদ্দিন আশরাফ, আশরাফী উল জ্বিলানী সাজ্জাদা নাশিন কিছুছা শরীফ ফৈজাবাদ মদীনা শরিফ হজ্জের সময় ২০০০ সাল। ৭ম বারে তৌসিফে মিল্লত, আল্লামা তৌশিফ রেজা আসবীনগর মালদা ইং- ২০১১। সর্ব মোট ১৮জন বুজরগানে দ্বীন খেলাফত প্রদান করেছেন।

বর্তমান কর্ম জীবনঃ স্বীয় মাদ্রাসা আল জামিয়াতুল আসবী মিশন আসবী নগর (নিমতোলা) কাহালা রতুয়া, মালদা পরিচালনা করেন এবং উক্ত মিশনের শাইখুল হাদীশ, ক্বাজী ইদারায়ে শরিয়া এবং মুফতির ও কাজ করেন। বিভিন্ন জায়গায় ধর্মীয় সভা এবং পীর মুরিদির কাজে অব্যাহত আছেন।

অনুবাদকের বক্তব্য

মাননীয় ইসলাম দরদী সুধী সমাজ! সালাম ও আন্তরিক শুভেচ্ছান্তে জানাই মহান আল্লাহপাকের লাখো শুকুরিয়া এবং পিয়ারা হাবীব আমাদের আকা মাওলা সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লামের উপর অগনিত দরুদ পাক বর্ষিত হোক। আমার মতো একজন নগন্ন খাদেমের উপর এ দ্বায়িত্ব অর্পন করবেন (যিনি এই পুস্তকের মূল লেখক) আদৌ ভাবতে পারিনি।

যাই হোক হুবহু উর্দূ থেকে বাংলায় ভাষান্তর করা সোজা কথা নয়। কারণ এমন কতকগুলি শব্দ মিশ্রিত হয়েছে প্রতিটি ভাষায় যেমন, বাংলা ভাষার মধ্যে চেয়ার টেবিল, চা, চিনি, কাপ। ইংরেজীও চিনা ভাষা মিশ্রণ। যতদুর সম্ভব চেষ্টা করেছি মূল বক্তব্যের উপর কলম চালিয়েছি। লেখার ব্যাপারে এটি আমার দ্বিতীয় পদক্ষেপ। প্রথমে ছোট একটি পুস্তক লেখেছিলাম ''ওয়াহাবির সঙ্গে বিবাহ হারাম''। এবারে ''আস্সাবুতুল গায়বিয়া আলা রাদ্দিল ওয়াহাবিয়াহ'' পুস্তকটি অনুবাদ করার জন্য কলম ধরলাম। জানিনা মহান আল্লাহপাকের দরবারে কতটুকু কবুল হবে আল্লাহ ভালো যানেন। বর্তমান যুগে ইসলামকে কুঠার ঘাত করার জন্য বহু দল, বহু ঝড় বয়ে গেছে এখনো বহু মত বিদ্যমান। ৭৩ দলের মধ্যে সবাই জাহান্নামী কিন্তু এক দল জান্নাতী এটা হুজুর পাকের বাণী ওই এক দলটি হল ''আহ্লে সুন্নত ওয়াল জামায়াত'' এতে কোন সন্দেহ নাই। এখোনো সময় থাকতে সাবধান হয়ে যান। প্রকৃত সুন্নাতের ধযাধারী হয়ে স্বীয় পীর মুর্শিদের অনুসরণ করে চলুন। ইনশাআল্লাহ কামেয়াবির মনজিল হাসীল হবে।

প্রতিটি পাঠকের প্রতি রইল আবেদন আমার জন্য দূয়া রাখবেন যেন ঈমান নিয়ে পরপারে পাড়ি জমাতে পারি আমীন! সুম্মা আমীন!!

ইতি-

অধম অনুবাদক

মহঃ ফজলুর রহমান আফতাবী, রেজভী

রেজাতপুর, দক্ষিণ দিনাজপুর।

দূরভাষঃ ৯৮০০৬০৯১২২

pdf By Syed Mostafa Sakib

"পুস্তক প্রনোয়নের কারণ"

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ نَحْمَدُهٗ وَنُصَلِّيْ عَلٰى رَسُوْلِهِ الْكَرِيْمِ

দীর্ঘদিন যাবৎ দেওবন্দী মোতালম্বি আলেমরা প্রীয় নবী সাইয়েদুল আম্বিয়া তাজদারে মদিনা সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম এর শানে একটি বিষয়ের উপর বিভিন্ন বিভ্রান্তি কর মশলা লেখে ও বিরূপ মন্তব্য করে মুসলমানদের মধ্যে ঈমানের ফাটল ধরিয়ে দিয়েছে। সে বিষয়টি হল হুজুর পাক সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম ইলমে গায়েবের অধিকারী ছিলেন কী না? দেওবন্দী মতবাদী আলেমগণের এই ঈমান ধ্বংসকারী মসলার বিরুদ্ধে তাদের ভূল ভাঙাবার জন্য কঠোর হস্তে আমি কলম ধরলাম। তাদের যেন ভূল ভেঙে যায়। প্রকৃত ব্যাপারে যেন তারা অবগত হতে পারে। জ্ঞানের চোখ যেন খূলে যায়। শয়তানি পর্দা দূর হয়ে যায়।

কারণ আক্বীদা ও ঈমান এমন একটি দেওয়াল (প্রাচীর) যার উপর আমলের ইমারত (দালান) পাহাড়ের ন্যায় দন্ডায়মান হয়ে আছে।

আক্বীদা ও ঈমান এমন একটি ব্যাপার যার মধ্যে একটি ছুঁচ বরাবর ছিদ্র হয়েগেলে তার সমস্ত আমল খোদা তায়ালার দরবারে বেকার হয়ে যাবে।

কাজেই বুঝতে হবে ঈমানের স্থায়িত্ব প্রকৃত আমলের উপর ঈমান তার নাম تَصْدِيْقٌ بِمَا جَاءَ بِهِ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ অর্থাৎ রসুলে খোদা সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম যাহা কিছু নিয়ে এসেছেন তার উপর বিশ্বাস স্থাপন করার নাম হল ঈমান।

কথা পরিস্কার হয়েগেল মহব্বতে রাসুল প্রধান শর্ত। অন্তরের মধ্যে যদি রাসুল পাকের মহব্বত না বিরাজমান হয় বা না থাকে তাহলে সমস্ত আমল ব্যর্থ।

محمد کی محبت دین حق کی شرط اول ہے — اسی میں ہو اگر خامی تو سب کچھ نامکمل ہے

মোহাম্মাদ কী মহব্বত দ্বীনে হক কী শর্ত আউয়াল হায়,

ইসি মে হো আগার খামি তো সাব কুচ না মোকাম্মেল হায়।

অর্থাৎ- হুজুর আকদাস সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লামের প্রতি ভালোবাসা এটাই দ্বীনের প্রথম শর্ত। এই ভালোবাসার মধ্যে যদি সামান্য বিন্দু পরিমাণ কম হয় তাহলে জীবনের সব কিছু অসম্পূর্ণ থেকে গেল। অতএব সাবধান। এটাই একটা প্রধান কারণ এই যে হুজুর পাক সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম প্রথমেই কলমা পড়ান নাই প্রথমে নিজেকে মানিয়েছেন।

অতএব যখনই হুজুরকে মানবে তখনই উনার সমস্ত আচার আচরণ চলাফেরা উঠাবসা যা করতে বলেছেন, যা উনি নিজে করেছেন, উনার হুকুম, নির্দেশ, আদেশ সবকে মানতে হবে। যখন উনাকেই মানলাম না তখন উনার আদর্শকে কী আর মানব। ইলমে গায়েবের অধিকারী স্বয়ং যিনিই নিজেই স্বাক্ষী মরুভাস্কর হুজুর সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম ভালো ভাবেই জানেন আমার লেখনির উদ্দেশ্য কী।

আহ্লে সুন্নাত ও জামাতের উদ্দেশ্য কী। দুটি বিচ্ছিন্ন মেরুতে অবস্থান করা দুটি ভাই গলায় গলায় মিল হয়ে যাও। সমস্ত রকম মত বিরোধ মনোমালিন্য দুরে ছুড়ে ফেলে দিয়ে এমন একটি অবস্থান তৈরী করা হউক সবাই একই আকীদার পরিপন্থি হয়ে যাই। মহান রাব্বুল ইজ্জাতের দরবারে এটাই আমার দোয়া এমন একটি অবস্থান তৈরী হউক যেখানে আমরা সবাই একই সারিতে থেকে সমস্ত লোক এক খেয়াল এক আক্বীদার মতালম্বি হই।

আল্লাহপাক একে কবুল করুন এবং এই পুস্তক সকলের হেদায়েতের মাধ্যম হউক। আমীন ইয়া রাব্বুল আলামীন।

বাজাহে সাইয়েদুল মুরসালিন আলাইহে তাহিয়্যাতো ওয়া তাসলীম ওয়া আলা আলেহী তাইয়্যেবীনা ওয়া আসহাবেহীল মোকার্‌রামীনা ওয়া আলা মানিত্বাবাহুম এলা ইয়াওমিদ্দিন বে রাহমাতেহী ওয়া হুয়া আর হামার রাহেমীন। ফকির মহঃ শাকিল আহ্‌মদ আসবী, ওফেয়া আনহু।

pdf By Syed Mostafa Sakib

অভিমত

খতিবে বাঙ্গাল হযরত আল্লামা মৌলানা আলহাজ মহঃ আবুল কালাম আহ্সানুল ক্বাদরী আল ফাইজি শিক্ষক দরুল উলুম জিয়াউল মুস্তাফা, হাওড়া।

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ نَحْمَدُهٗ وَنُصَلِّيْ عَلٰى رَسُوْلِهِ الْكَرِيْمِ

বিস্মিল্লাহির রাহমানীর রাহিম।

"নাহমাদুহু ওয়ানু সাল্লিআলা রাসুলিহিল কারিম"

আমরা আহ্লে সুন্নাত ওয়াল জামাত আমাদের আকীদা হল এই যে, হুজুর তাজদারে মদিনা সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম মহান আল্লাহ পাকের যেমন সৃষ্টির মধ্যে সর্বত্তম সৃষ্টি, তদ্রুপ সৃষ্টির মধ্যে সর্বোত্তম শিক্ষক বটে। তিনার শিক্ষা সকলের থেকে সর্বোত্তম। তিনিই সকলের শিক্ষক। বর্তমান, ভবিষৎ এবং অতীতের সমস্ত শিক্ষাই হুজুরের কাছে বিদ্যমান। দুনিয়ার শিক্ষা হউক অথবা আখেরাতের ইলমে শাহাদত (স্বাক্ষী) হউক বা অদৃশ্য ইল্ম (ইলমে গায়েব) হউক একের পর এক সমস্ত বিদ্যা শুরু থেকে শেষ পর্যন্ত, এমনকি কবে আরম্ভ হল কবে শেষ হবে যাহা একমাত্র আল্লাহ পাক ভালো যানেন। এমনকি মাকানা ওয়া মাইয়াকুন অর্থাৎ যা হয়েছে এবং যা হবে নবী পাক সেখানকারও সমুদয় বিদ্যা সম্পর্কে পরিজ্ঞাত ছিলেন। এমনকি এই দুনিয়া থেকে বিদায় গ্রহন করার পরেও হুজুরের ইল্ম এমনভাবে পরিপূর্ণতা লাভ করেছে যে, সমগ্র বিশ্ব ব্রহ্মান্ডের অনু পরমানু পরিমান যা আছে সমস্তই হুজুরের কাছে দৃশ্যমান। এইভাবে উনি দেখতে পান নিজের হাতের তালুর মধ্যে যেন সব বিছু ভাসমান। কিন্তু বড়ই পরিতাপের বিষয় একদল নামধারী মুসলমান ইল্মে গায়েবের অস্বীকার কারীর দল এই ব্যাপারকে নিয়ে বিভাজন সৃষ্টি করে আজ মুসলমানে মুসলমানে বিভক্ত হয়ে পড়েছে। অথচ ওলামায়ে আহ্লে সুন্নত এই বিষয়ের উপরক অকাঠ্য প্রমান দিয়ে বহু পুস্তক প্রনোয়ন করা সত্ত্বেও হক ও বাতিলের বিভাজন বন্দ হয় নাই। বাতিলের দল এখনোও মরণপন লড়াই করছে।

তাদের স্বপক্ষে মিথ্যা যুক্তি, দলিল অবতারণা করে। খোদা জানেন কতদিন এই লড়াই বিদ্যমান থাকবে এই পুস্তকটিও তার একটি প্রমান। "আস্সবুতুল গাইবিয়া আলা রাদ্দিল ওয়াহাবিয়াহ্" লেখক আমার স্নেহভাজন খতিবে মিল্লাত পীরে তরিকত, হযরত মৌলানা মুফতি,

ক্বারী মহঃ শাকিল আহ্মদ আসবী রেজবী প্রিন্সিপাল দারুল উলুম ফাইজুল কোরান রিজবিয়া, কোলকাতা সু-নিপুন ভাবে কোরান পাক ও হাদীস পাকের দলীল উদ্ধৃতি করেছেন এবং প্রমান করে দিয়েছেন হুজুর পাক সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লামের ইলমে গায়েব (অদৃশ্যজ্ঞান) ছিল।

মিমাংসাতো আহ্লে হকরাই করবেন। যারা সত্যের আলোকে পরিচালিত এখানে লেখক সত্যের উজ্জ্বল আলোকে কতখানি ফলপ্রুস হয়েছেন ওয়ালামায়ে হকরাই এটার বিচার করবেন। আমারও দোয়া রইল রাব্বেক্বাদির জাল্লাশানহু খতিবে মিল্লাত, পীরে তরিকত মুফতী হজরত মৌলানা ক্বারী মহঃ শাকিল আহ্মদ আসবিকে মৌখিক জবান এবং কলমের শক্তি দেন কওমের হেদায়ত যেন করতে পারেন। মাসলাকে আলা হযরতের খিদমতের আঞ্জাম দিতে পারেন আমীন। ইয়া রাব্বাল আলামীন বাজাহে হাবীবেহি সাইয়েদুল মুরসালীন আলাইহিল তাহিয়্যাতো ওয়া তাসলীম। মহঃ আবুল কালাম আহ্সানুল ক্বাদরী শিক্ষক দারুল উলুম জিয়াউল ইসলাম টিকিয়াপাড়া হাওড়া, ২৭শে সেপ্টেম্বর, ১৯৯৮।

পবিত্র কোরআনের উজ্জ্বল আলোকে ইলমে গায়েবের প্রমাণ

মহান স্রষ্ঠা রাব তায়ালা স্বীয় হাবীব নবী মোকার্রাম নুরে মোজাস্সাম সাইয়েদেনা ওয়া মৌলানা মহাম্মাদ মুস্তাফা সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লামকে সমগ্র সৃষ্টির উর্দ্ধে সমস্ত রকমের জ্ঞান সর্বত্র হাযির নাজির, সমস্তউপস্থিত ও অদৃশ্য জ্ঞান দান করেছেন। এই কথাটাও প্রকাশ হয়ে যাক যে, মহান আল্লাহ পাকের ইল্ম ও জুমলা কামালত জাতী। হুজুর সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লামের ইলম জুমলা কামালত আতায়ি (অর্থাৎ দান করা হয়েছে)।

আল্লাহ পাকের এই সব কিছু ক্বাদিম।

হুযুর পাকের এই সব কিছু হাদিস।

আল্লাহপাকের এই সব কিছু সৃষ্টির বাইরে।

হুযুরপাকের এই সবকিছু সৃষ্টির মধ্যে।

এতগুলো কারণ পার্থক্য হওয়া সত্যেও মসলাকে মতভেদ সৃষ্টি করে বিভ্রান্ত করার চেষ্টায় লিপ্ত। যাহা রেসালতের জামানায় (হুযুর পাক সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম যখন ইসলাম প্রচারে মগ্ন ছিলেন) কাফেরদের এই আকীদা ছিল। যিনি নবী হবেন তিনি অবশ্যই

pdf By Syed Mostafa Sakib

ইলমে গায়েবের অধীকারি হবেন। এটা কেহই অস্বীকার করতে পারবে না মহান রব তায়ালা সৃষ্টির প্রথম থেকে শেষ পর্যন্ত কে জান্নাতি কে দোজখী হবে সমস্ত কিছু হুজুর পাকের হাতের তালুর মধ্যে দেখিয়ে দিয়েছেন।

এরশাদে রাব্বী হচ্ছে সূরা اَلرَّحْمٰنُ عَلَّمَ الْقُرْاٰنَ রহমান প্রথম আয়াত। "আর রাহমান আল্লামাল কোরআন" অর্থাৎ এই আয়াতে পরিস্কার বোঝা যাচ্ছে যে আল্লাহ পাক সুবহানাহু তায়ালা স্বয়ং হুজুর আকরাম সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লামকে কোরআন পাকের শিক্ষা দিয়েছেন এবং কোরআন পাকে সমস্ত সৃষ্টির আদি অন্ত বর্ণনা করা আছে। আবার এরশাদ করছেন

وَنَزَّلْنَا عَلَيْكَ الْكِتَابَ تِبْيَانًا لِّكُلِّ شَيْءٍ

ওয়া নায্জালনা আলাইকাল কিতাবা তিবইয়ানাল লিকুল্লি শাইয়িন। অথাৎ- সমস্ত জিনিসের বর্ণনা করার ক্ষমতা এবং শুরু থেকে শেষ পর্যন্ত সমস্ত ঘটনার বিবৃতি প্রদান করার ক্ষমতা হুজুর পাক সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লামকে আল্লাহপাক দিয়েছেন। ইলমে গায়েব সম্পর্কে কোরান ও হাদীসের মধ্যে প্রচুর প্রমাণ দলীল সহ বিদ্যমান। দেখার পর অস্বিকার করার কোন ক্ষমতা থাকবে না। প্রথমেই পবিত্র কোরাণ পাকের উজ্জ্বল আলোকে প্রমান করার চেষ্টা করেছি আবার হাদীস পাকের আলোকে প্রমাণ করব ইনশাআল্লাহ তায়ালা।

প্রথম প্রমাণঃ খালাকাল ইনশানা আল্লামাহুল বায়ান।

خَلَقَ الْاِنْسَانَ عَلَّمَهُ الْبَيَانَ

এই তফসীরের নির্ভেজাল নির্ভূল (কোনো সন্দেহ নেই) বক্তব্য হল এই যে আল্লাহ তায়ালা হুজুর পাক সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লামকে পয়দা করেই সমস্ত জ্ঞান বিজ্ঞান এমনকি মাকান ও মাইয়াকুনের (অর্থাৎ যা হয়েছে এবং যা হবে) সমূদয় জ্ঞান বর্তমান, অতীত, ভবিষ্যৎ সমস্ত অবহিত করেছেন। অথচ আহলে সুন্নত দলের বিরোধীরা নিজেকে বিরাট শিক্ষিত মনে করে কোথায় কোথায় শিরক বেদাতের ফতুয়া দিয়ে নিজেরাই গুমরাহির মধ্যে ডুবে আছে। আল্লাহতায়ালা হুজুরকে জ্ঞান আতা (দান) করেছেন। খালাকাল ইনশানা বলেছেন হুজুর পাক সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লামকে

আল্লামাহুল বায়ান অর্থাৎ মাকান ওয়া মাইয়াকুন সমস্ত জ্ঞান দিয়েছেন হুজুর পাক সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম সারা বিশ্বের শিক্ষক-ছাত্র নন। আল্লাহ পাক হুজুর পাককে যা দান করেছেন তাহা অন্য কেউ পায় নাই। সমস্ত বিশ্বের জ্ঞান ভান্ডারের চাবি কাঠি তার হাতে এই সত্যটা ওয়াহাবি দেওবন্দিরা মানে না, মানতে চায় না আল্লাহপাক তাদেরকে হেদায়ত করুন।

قَوْلُهٗ تَعَالٰى ـ عَالِمُ الْغَيْبِ فَلَا يُظْهِرُ عَلٰى غَيْبِهٖ اَحَدًا اِلَّا مَنِ ارْتَضٰى مِنْ رَّسُوْلٍ

দ্বিতীয় প্রমাণঃ- আলেমুল গাইবে ফালা ইউজহেরু আলা গাইবেহী আহাদিন ইল্লা মানিরতাদা মির রাসুলীন।

অর্থঃ খোদা ইলমে গায়েব এবং তার গায়েব কাউকে প্রকাশ বা প্রদত্ত করেন না। কিন্তু নিজের পছন্দনীয় রাসুলকে স্বীয় ইলমে গায়েব দান করেন। (কানজুল ঈমান) অর্থাৎ ব্যাখ্যায় এটাই পাওয়া যাচ্ছে যে আল্লাহপাক, স্বীয় গায়েবের তথ্য কাউকে প্রদান করেন না কিন্তু তার পছন্দনীয় রাসূল ব্যাতি রেকে। যার উপর রাজি হয়েছেন রাসুলদের মধ্যে তাকেই প্রদান করেছেন। ব্যাখ্যাকারীগণ বলছেন لَا يُظْهِرُ عَلٰى غَيْبِهٖ اَحَدٍ "লা ইউজহেরু আলা গাইবেহী আহাদিন" এই অর্থে আল্লাতায়ালা কাউকে ইলমে গায়েব প্রকাশ করেন নাই। কারণ, প্রকাশ্য গায়েব তো আউলিয়ায়ে কেরাম দ্বারা প্রকাশ পায়। নবী রাসুল মারফত আমাদের উপরেও হতে পারত। কিন্তু স্বয়ং আল্লাহ পাক বলছেন তার নিজস্ব গায়েব নির্দিষ্ট করে কাউকে প্রদান করেন না, কিন্তু তার পছন্দনীয় রাসুলকে এই মর্যাদা অতী মহান সম্মান জনক হিসাবে প্রদান করেছেন। কেমন মর্যাদা ও সম্মান আম্বিয়া আলাইহেমুস সালাতো ও সালামকে দিয়েছেন কোরআন পাক থেকে তার প্রমান পাওয়া যায়। তফসীর রুহুল বয়ান (৪র্থ খন্ড ৪৯৬ পৃষ্ঠা)। উক্ত আয়াতের তফসীরে বলা হয়েছে যে

قال ابن الشيخ انه تعالى لا يطلع على الغيب الذى يختص به علمه الا المرتضى الذى يكون رسولا وما لا يختص به يطلع عليه غير الرسول

ইবনে শায়েখ বলেছেন আল্লাহ তাবারক ওয়া তায়ালা নিজস্ব গায়েব যার সঙ্গে নির্দিষ্ট একটা সম্পর্ক রয়েছে সেই পছন্দনীয় রাসুল ব্যতিত কাউকে দেন নাই।

pdf By Syed Mostafa Sakib

قَوْلُهٗ تَعَالٰى۔

وَمَا كَانَ اللّٰهُ لِيُطْلِعَكُمْ عَلَى الْغَيْبِ وَلٰكِنَّ اللّٰهَ يَجْتَبِيْ مِنْ رُّسُلِهٖ مَنْ يَّشَآءُ فَاٰمِنُوْا بِاللّٰهِ وَرُسُلِهٖ

তৃতীয় প্রমানঃ- মহান আল্লাহ পাকের এটা মর্তবা নয় যে, ইলমে গায়েব সাধারণ লোকের মাঝে প্রকাশ করে দেয় কিন্তু আল্লাহ পাক নির্বাচন করে নেয় রাসুলদের মাঝে যাকে চান তাকেই প্রদান করেন।

চতুর্থ প্রমানঃ- وَمَا هُوَ عَلَى الْغَيْبِ بِضَنِيْنٍ "ওমা হুয়া আলালগাইবে বিদানিন"। অর্থ এবং এই নবী পাক সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম গায়েবের খবর বলে দিতে কোন কার্পন্য বা বখিলি করেন না। দলীল বা প্রমান উত্থাপন করতে হলে আমাদের কাছে প্রমান হল এই ব্যাপারে স্বয়ং আল্লাহ পাক কোরআন পাকে আয়াত উদ্ধৃত করেছেন এবং হুযুরপাক নিজেই তাছাড়া কোরান পাকে প্রত্যেক অবস্থায় প্রমান বিদ্যমান। আল্লাহপাকের এরশাদ হচ্ছে এই নবী গায়েবের খবর দিতে বখিলি করেন না কুণ্ঠিত বোধ করেন না, কার্পন্য করেন না। যখনই দরকার হয়েছে হুযুর পাক গায়েবের খবর লোকের সামনে তুলে ধরেছেন। এই প্রসঙ্গে মোল্লা আলী ক্বারী মিরকাতে বর্ণনা করেছেন মানুষ দুই প্রকার।

১। ঐ ব্যক্তি বা ঐ জ্ঞানী লোক যিনি গায়েবকে স্বাক্ষী হিসাবে জানেন বা মানেন এরা হল আম্বিয়া কেরাম।

২। যার কাছে শুধু মাত্র স্বল্প জ্ঞান। প্রায়স এই ধরনের সৃষ্টি হয় যার ফলে একজন বলে দিবার লোক প্রয়োজন হয়। অথচ তাকে বলে দিবার কেউ থাকে না। কিন্তু নবীদের সেই কাজের জন্য পাঠান হয়।

পঞ্চম প্রমানঃ- قَوْلُهٗ تَعَالٰى۔ وَعَلَّمَكَ مَا لَمْ تَكُنْ تَعْلَمُ وَكَانَ فَضْلُ اللّٰهِ عَلَيْكَ عَظِيْمًا "ওয়া আল্লামাকা মালাম তাকুন তা'আলাম ওয়াকানা ফদলুললাহে আলাইকা আযিমা"।

অর্থঃ- এবং আমরা শিক্ষা দিয়েছি আপনাকে আপনার অজানা বিষয় এবং আপনার উপর আল্লাহ পাকের বড়ো মর্যাদা আছে।

তফসীর জালালাইনে আছে এখানে তালিম (শিক্ষার) অর্থ হচ্ছে নিয়ম প্রনালী এবং ইলমে গায়েব আল্লাহপাক আপনার উপর মহান ঐশিগ্রন্থ জ্ঞান বিজ্ঞান দান করেছেন। এবং এই সব ব্যা পারে সমস্ত রহস্য পরিরজ্ঞাত এবং গোপন ভান্ডার বিষয়ে অবগত করিয়েছেন।

তফসীর কবিরে আছেঃ- اَيْ عُلُوْمُ عَوَاقِبُ الْخَلْقِ وَعِلْمُ مَا كَانَ وَمَا يَكُوْنُ

অর্থঃ সমস্ত সৃষ্টির জ্ঞান রাশি শুরু থেকে শেষ পর্যন্ত যা কিছু ঘটেছে এবং ঘটবে তৎসমূদয়ে দেখিয়ে দেওয়া হয়েছে।

তফসীর আরায়েসুল বায়ানঃ-

مِنْ اَحْكَامِ الشَّرْعِ وَاُمُوْرِ الدِّيْنِ وَقِيْلَ عَلَّمَكَ بِنْ عِلْمِ الْغَيْبِ مَالَمْ تَكُنْ تَعْلَمْ وَقِيْلَ مَعْنَاهُ عَلَّمَكَ مِنْ خُفِيَّاتِ الْاُمُوْرِ وَالطَّلَعَكَ عَلٰى ضَمَائِرِ الْقُلُوْبِ وَعَلَّمَكَ بِنْ اَحْوَالِ الْمُنَافِقِيْنَ وَكَيْدِهِمْ وَكَانَ فَضْلُ اللّٰهِ عَلَيْكَ عَظِيْمًا

অর্থাৎঃ শরিয়তের সমস্ত আহ্কাম এবং দ্বীনের সমস্ত বিষয়ের শিক্ষা আর একটি অর্থ ইলমে গায়েব যা আপনি যানতেন না তাহা শিক্ষা দেওয়া হয়েছে। আর একটি অর্থ এই আপনাকে গোপন রহস্যা বলি ও অন্তরের মধ্যে এমন বিশুদ্ধতা দান করা হয়েছে আপনি সহজেই অনুমান করতে পারবেন। মোনাফেকদের কপটতা চালবাজি সব কর্মকান্ড এই সবকিছু আপনাকে জানিয়ে দেওয়া হয়েছে। মহান আল্লাহ পাকের বড়ো মর্যাদা আপনার উপর রয়েছে।

তফসীর খাজেনঃ- মোল্লা আলী ক্বারী এই আয়াতের ব্যাপারে জানাচ্ছেন।

مِنْ تَفَاصِيْلِ الشَّرِيْعَةِ وَاٰدَابِ الطَّرِيْقَةِ وَاَحْوَالِ الْحَقِيْقَةِ

শরিয়তের সমস্ত আহ্কাম কার্য্যাবলী, ত্বরিকতের আদব, হকিকতের সমস্ত ব্যাপারে পুংখানু পংখুভাবে অবগত করানো হয়েছে। এবারে আমি পবিত্র হাদীস পাকের আলোকে প্রমান করব ইলমে গায়েবের ঘটনা বলি ইনশাআল্লাহ।

হাদীসের উজ্জ্বল আলোকে ইলমে গায়েবের প্রমান।

اَلْغَيْبُ هُوَ الَّذِيْ يَكُوْنُ غَائِبًا عَنِ الْحَاسَةِ

ইলমে গায়েব ঐ কথা জানার জন্য বোঝায় বান্দা নিজের জ্ঞান দ্বারা নিজের বিবেক বুদ্ধির দ্বারা বুঝতে অক্ষম।

প্রথম প্রমানঃ- হাদীস

عن عمر قال قام فينا رسول الله صلى الله عليه وسلم مقاما فاخبرنا عن بدء الخلق حتى دخل اهل الجنة منازلهم واهل النار منازلهم حفظ ذالك من حفظه ونسيه من نسيه

(বোখারী শরিফ মেশকাত শরিফ পৃষ্ঠা ৫০৬ খন্ড ৬ মতবুয়া মুজতাবায়ি)। হযরত উমর রাদিয়াল্লাহ্ তায়ালা আনহু বিবৃতি প্রদান করে যে, হুজুর আকরম সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম আমাদের মজলিশে দাঁড়িয়ে সৃষ্টির শুরু থেকে সমস্ত মানব মন্ডলীর বেহেস্ত এবং দোজখবাসী কে হবে কে কোথায় অবস্থান করবে সমস্ত

pdf By Syed Mostafa Sakib

ব্যক্ত করেন। সুবহানাল্লাহ! আমাদের আকা সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম শুধু জান্নাতী ও দোজখীদের খবর দিয়েই ক্ষান্ত হন নাই, বরং কে কোথায় অবস্থান করবেন, কে কোথায় প্রবেশ করবে তারও সঠিক বিবৃতি প্রদান করেছেন বোঝা গেল হুজুর সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লামের জ্ঞান শুধু এই দুনিয়ার মধ্যেই সীমাবদ্ধ ছিল না বরং পরকালের জ্ঞান সম্পর্কেও সম্পূর্ণরূপে ওয়াকিবহাল।

দ্বিতীয় প্রমানঃ-

عن عمر بن الاخطب الانصاری قال صلی بنا رسول الله صلی الله علیه وسلم یوما الفجر وصعد علی المنبر فخطبنا حتی حضرت الظهر فنزل فصلے ثم صعد المنبر فخطبنا حتی حضرت العصر ثم نزل فصلے ثم صعد المنبر حتے غربت الشمس فاخبرنا بما هو کائن الی یوم القیمة قال فاعلمنا احفظنا (رواه مسلم)

(ازمشکوة شریف صفحه ۵۴۳ سطر ۱۰ باب المعجزات)

অর্থঃ- হযরত ওমর বিন খাত্তাব আনসারি বর্ণনা প্রদান করেন একদিন রাসুলুল্লাহো সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম ফজরের নামায পড়ালেন, মিম্বারের উপর উপবেশন করে আমাদের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করলেন, জোহরের সময় হয়ে গেল, মেম্বার থেকে অবতরণ করলেন জোহরের নামাজ পড়ালেন, পুণরায় মেম্বারের উপর উপবেশন করলেন আমাদের উদ্দেশ্যে আবারও খোতবা প্রদান করলেন। এভাবে আসরের সময় হল, আবার মেম্বার থেকে নেমে আসরের নামাজ পড়ালেন আবার মেম্বারের উপর বসে আমাদের উদ্দেষ্যে খোতবা (ওয়াজ) করলেন। এভাবে সূর্য্য পশ্চিম দিগন্তে অস্ত হয়ে গেল সমস্ত দিন বক্তব্য প্রদান করলেন। আমাদেরকে খবর দিলেন কিয়ামত পর্যন্ত কী কী সংঘঠিত হবে।

সুবহানাল্লাহ! উপরোক্ত হাদীস থেকে এটাই প্রমাণ হল হুজুর সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম কেয়ামত পর্যন্ত কী কী হবে সব খবরা খবর বলে দিলেন। অর্থাৎ সমস্ত ভালো মন্দ ঘটনাবলী এবং তাদের ফলাফল কী হবে বিস্তারিত বর্ণনা বক্তব্য করে দিলেন।

ঐ দিনটিকে যিকরে তাইয়্যেবা বলে অবহিত করা হয় (মুসলিম শরিফ-মিশকাত শরীফ পৃষ্ঠা ৫৪৩ খন্ড ১০ অধ্যায় মোজেজা)।

হাদীস নং- ৩

عن ثوبان قال قال رسول الله صلی الله علیه وسلم ان الله زوی الارض فرائت مشارقها مغاربها انتهی بقدر الحاجة -

مشکوة شریف صفحه ۵۱۲ سطر ۳ باب فضائل سید المرسلین صلی الله علیه وسلم

(মেশকাত শরিফ পাতা ৫১২ খন্ড ২ অধ্যায়) সাইয়েদুল মুরসালিন সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম)।

অর্থঃ- বর্ণনায় পাওয়া যায় "সৌবানকে" নবী পাক সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম বলেন, সমগ্র ভূখন্ডকে পূর্ব দিগন্ত থেকে পশ্চিম দিগন্ত পর্যন্ত যাহা কিছু আছে আমি হাতের তালুর মুষ্টির মধ্যে সব দেখতে পাই। (মজাহেরুল হক পাতা নং- ৫০৩ খন্ড ১৭)। সুবহানাল্লাহ! আল্লাহতায়ালা হুজুর সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম এর হাতের মুষ্টির মধ্যে এই বিশ্ব ভূখন্ডকে যদি দেখাতে পারেন পৃথিবীর এমন কোন পর্দা নেই যা হুজুরে কাছে অদৃশ্য বা গোপন থাকতে পারে। এতো আল্লাহপাকের অশেষ দান আল্লাহ পাক যাকে চান তাকে ইলমে গায়েব দিয়ে মালামাল করে দেন।

হাদীস নং- ৪

عن عبد الرحمن بن عائش قال قال رسول الله صلی الله علیه وسلم رائت عزوجل فی احسن صورة قال فیم یختصم الملاء الاعلی قلت انت اعلم قال فوضع کفهٗ بین کتفی فوجدت بروها بین ثری فعلمت مافی السموات والارض وتلا وکذلک نری ابراهیم ملکوت السموات والارض ولیکون من الموقنین (مشکوة شریف صفحه ۶۹ سطر ۲۷ باب المساجد)

(মেশকাত শরিফ পৃষ্ঠা নং- ৬৯ খন্ড ২৭ অধ্যায় বাবুল মসজীদ)

অর্থঃ আব্দুর রহমান বিন আয়েশ থেকে বর্ণনা হুজুর পাইগম্বরে খোদা সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম বলেন, আমি আমার "রবকে" খুব ভালোভাবে অবলোকন করেছি। আবার বলেন, আমার রব জাল্লা জালালহু স্বীয় রহমতের হাত বক্ষস্থলের মাঝখানে রাখলেন যার ফলে এর ফল স্বরুপ আমি আমার দুই ছাতির মধ্যে ফয়েজ লাভ করলাম। বাস আমি আসমান ও জমিনে যাহা আছে এর সমগ্র জ্ঞান লাভ করলাম হুজুর সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম এই আয়াত তেলাওৎ (পাঠ) করলেন وکذالک الایته এই রকমেই দেখিয়েছিলাম হযরত ইব্রাহীম আলাইহিস সালামকে। যিনি আসমান জমিনের মালিক যেন বিশ্বাসিদের মধ্যে অর্ন্তভুক্ত হয়ে যায়। আল্লাহর প্রসংসা উক্ত হাদীসের দ্বারা জলন্ত সূর্য্যের ন্যায় পরিস্কার হয়েগেল- আমাদের আকা সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম এর প্রতিটি জিনিসের জ্ঞান রহমত স্বরূপ লাভ হয়েছে।

হাদীস নং- ৫ তফসীরে ঈমাম তিবরী এবং দুররে মানসুরের মধ্যে রেওয়ায়াত আছে আবুবক্কর বিন আবি শোয়েবা যিনি শিক্ষক (ওস্তাদ) ঈমাম বোখারী ও মুসলিম

انه قال في قوله تعالی ولئن سألتهم لیقولن انما کنا نخوض ونلعب قال رجل من المنافقین یحدثنا محمد ان ناقه فلان بواد کذا وکذا ومایدریه بالغیب

pdf By Syed Mostafa Sakib

উনি বলেছেন "আল্লাহর নিয়ম হল" ولئن سألتهم এর তফসীরে মোনাফিকদের মধ্যে জনৈক ব্যক্তি বলছে যে "মোহাম্মদ" সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম আমাদের কাছে বলছেন যে, ফলানার উঁটনি অমুক জঙ্গলে আছে-ও কী করে গায়েবের খবর জানে? অর্থাৎ কার উঁটনি হারিয়ে গেছে রাসুলুল্লাহ সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম বলেছেন অমুক জঙ্গলে আছে-এক মোনাফেক হুজুরের নাম উল্লেখ করে বলল- ও গায়েব কী জানে? এই ঘটনার পরিপ্রেক্ষিতে আল্লাহ আজ্জা ও জাল্লা এই আয়াত নাযেল করেন। ওদেরকে বলে দিন আল্লাহ ও আল্লাহর রসুলের এবং আয়াতের ঠাট্টা বিদ্রুপ করছ? বাহানা বাজী করিওনা তোমরা কাফের হয়েগেছ ইমান আনার পরেও। ২২ পারার মধ্যে দেখুন এই আয়াত কি ধরনের বিপদ, হবে মোখালেফিনদের। উপহাস কারীদের বিদ্রুপকারীদের।

এতদিনের কথা কীভাবে বলা যায় অতএব খুব ধিয়ান দিয়ে চিন্তা করুন এটা হুজুর

হাদীস নং- ৬ لقد تركنا رسول الله صلى الله تعالى عليه وسلم وما يحرك طائر جناحيه الا ذكر لنا منه علما

অর্থাৎ হুযুর সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম আমাদের সম্মুখে বিস্তারিত ভাবে বলেছেন যে, এমন কোন পাখি নেই যে, নিজের পাখনা নাড়ায় হেলাদোলা করে। কিন্তু হুজুর সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম আমাদেরকে এটাও বর্ণনা শুনিয়েছেন এবার মত বিরোধীদের হুঁশ হয়ে যাবে। কীভাবে হযরত সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম দুনিয়ার সমস্ত বস্তুর ব্যাপারে কীভাবে বর্ণনা দিয়েছেন উপরের হাদীস পাকে ব্যক্ত হয়েগেছে যে, একদিনে হুযুর পাক কিয়ামত পর্যন্ত সমস্ত বিবরণ প্রদান করেছেন। একথা অবশ্যই তাজ্জব মনে হবে একদিনের সময় এতদিনের কথা কি ভাবে বলা যায়?

এতএব খুব ধ্যান দিয়ে চিন্তা করুন এটা হুযুর পাকের মোজেযা বৈ কিছুই নয়। মাত্র একদিনেই এতদিনের ঘটনা বর্ণনা করা অসম্ভবকে সম্ভব করা এটা মহান আল্লাহ পাকের কুদরতি দান হুজুর পাকের প্রতি। উমদাতুল কারী শরহে বোখারী শরিফ ৭ম খন্ড পাতা নং- ২১৪ এর মধ্যে নিম্ন লিখিত হাদীস পাক বিদ্যমান)

فيه دلالة على انه اخبر في المجلس الواحد بجميع احوال المخلوقات من ابتدائها الى انتهائها وفي ايراد ذالك كله في مجلس واحد امر عظيم من خوارق العادة كيف وقد اعطى مع ذالك جوامع الكلم صلى الله عليه وسلم

অর্থাৎ এই হাদীসে প্রমান আছে যে, হুযুর সাইয়েদে আলম সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম একই মজলিশে বা বৈঠকে বসে বিশ্ব মাখলুকের (সৃষ্টির) শুরু থেকে শেষ পর্যন্ত সমস্ত ঘটনার ঘবর দিয়েছেন-একই মজলিশে সমস্ত বয়ান বিবৃতি প্রদান করা একটা বিরাট মজেজা। হবেই না বা কেন হুজুরকে হক তায়ালা তো جوامع الكلم عطا

জোয়ামেয়ুল কালাম দান করেছেন।

مشكوة المصابيح باب بداء ے الخلق وذكر الانبياء عليهم السلام صفحه ٥٠٨

প্রমানঃ মেশকাতুল মাসাবিহ বেদাইল খালক্ এবং যিকরুল আম্বিয়া আলাইহিমুস সালাম পাতা নং- ৫০৮

ইলমে গায়েব সম্পর্কে বিভিন্ন ঘটনাবলী

১। ইসলামের বিজয় সম্পর্কে আগাম খবরঃ শুরুতেই ইসলাম প্রচারের ব্যপারে যে বাধা বিপত্তি ছিল- সে বাধার প্রাচীর দুর্ভেদ করা অসম্ভব ছিল। কেউ ভাবতেও পারেনী বা এই চিন্তা মাথার মধ্যে আসেনি চোখের পলকে মহুর্ত মধ্যে কায়েস কেসরার হুকুমতের তখতা উল্টিয়ে দিতে স্বক্ষম হবে। গায়েবের সংবাদ দাতা নবী পাক পুরাপুরী বিশ্বাসের সঙ্গে এই খবর জানালেন। হে মুসলমানগণ! অতি অল্প সময়ের মধ্যে তোমরা কুসতুন তুনিয়ার উপর বিজয় লাভ করবে। কায়েশ কেসরার চাবি তোমাদের হাতে চলে আসবে। মিশরের বুকে ইসলামী হুকুমতের ঝান্ডা উড়বে। তোমাদের এবং তুর্কীদের মধ্যে যুদ্ধ হবে-যাদের চক্ষু হবে ক্ষুদ্র এবং চেহারা হবে চওড়া এবং ঐ যুদ্ধে মহাবিজয় লাভ হবে (বোখারী শরিফ প্রথম খন্ড পাতা নং- ৫১৩ অধ্যায় বাবে আলামতে নবুওয়াত)।

ইতিহাস স্বাক্ষীসত্য গায়েবের সংবাদ দাতা নবী পাক রসাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম এর বলা কথাগুলি সব অক্ষরে অক্ষরে প্রকাশ পেয়েছে।

pdf By Syed Mostafa Sakib

২। কায়সার ও কেসরার ধ্বংসঃ- যখন কায়সার ও কেসরার হুকুমত শান শাওকাতের সঙ্গে এককভাবে দেমাগের সঙ্গে চলছিল তখন কি তারা আদৌ ভাবতে পেরেছিল তাদের এই সুদীন চিরদিন চলবে না। কিন্তু গায়েবের সংবাদ দাতা নবী সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম এই খবর শুনিয়ে ছিলেন।

إِذَاهَلَكَ كِسْرٰى فَلَا كِسْرٰى بَعْدَهُ وَإِذَاهَلَكَ قَيْصَرُ بَعْدَهُ وَلَتُنْفَقَنَّ كُنُوْزُهُمَا فِىْ سَبِيْلِ اللّٰهِ

(বোখারি শরিফ প্রথমখন্ড পৃষ্ঠ নং- ৫১১ অধ্যায় আলামতে নবুওত)। অর্থাৎ যখন কেসরা ধ্বংস হবে তার পর পূনরায় আর কোন কেসরা হবে না আবার যখন কায়সার ধ্বংস হয়ে যাবে পূণরায় আর কোন কায়সার হবে না। এবং আবশ্য অবশ্যই এই দুইজনের সম্পত্তি আল্লাহতায়ালার রাস্তায় মুসলমানদের হাত দিয়ে খরচ হবে। দুনিয়ার সমস্ত ইতিহাস এই ব্যপারে স্বাক্ষী আছে হযরত আমিরুল মুমেনিন উমর ফারুক রাদিয়াল্লায় তায়ালা আনহুর খেলাফতের জামানায় কেসরা ও কায়সারের ধ্বংসের পর পারস্যের সালতানাতের (বাদশাহির) তাজ তাদের ভাগ্যে জুটে নাই। রোমের বাদশাহীর কোন অস্তিত্ব ছিল না। কারণ এই গায়েবের খবর দাতা স্বয়ং হুজুর পাক সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম আল্লাহর তরফ থেকে ওহি মারফত এই সংবাদ প্রদান করেন। কাজেই এটা ঘটবেই স্বতঃসিদ্ধ কথা লোম বরাবর কম হবে না। তাই তো এই ঘটনার স্বাক্ষী ইতিহাস আজও বহন করে চলেছে।

৩। "হিন্দুস্থানে মোজাহিদ"ঃ- হুযুর আকদাস সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম হিন্দুস্থানে ইসলাম প্রবেশের সু-সংবাদ প্রদান করেন। তিনি ঘটনা প্রবাহকে এইভাবে ব্যক্ত করেন। আমার উম্মতের দুইটি দল এমন আছে আল্লাহতায়ালা এদেরকে (দুইটি দলকে) জাহান্নাম থেকে আজাদ (মুক্তি) দিয়েছেন একটি দল হল যারা হিন্দুস্থানের বুকে যুদ্ধ (জেহাদ করবে) আর একদল হল যারা হজরত ইশা বিন মরিয়ম আলাইহিমুস সালামের সঙ্গে সাথী হবেন। হজরত আবু হোরাইরা রাদিয়াল্লাহু আনহু প্রায় বলতেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম আমাদের অর্থাৎ মুসলমানদের হিন্দুস্থানের যুদ্ধ করার জন্য ওয়াদা করিয়েছিলেন। আমি যদি ঐ জামানা পর্যন্ত বেঁচে থাকি তাহলে ইসলামের রাস্তায় নিজের জান মাল কুরবানী করে দিব। আর যদি আমি ঐ যুদ্ধে শহিদ হয়ে যাই তাহলে

সর্বত্তোম শহিদ ভাবব। আবার যদি জিন্দা (জিবীত) হয়ে ঘুরে আসি তাহলে দোজখ থেকে মুক্তি প্রাপ্ত আবু হোরাইরা হব। প্রমান (নেসাই ২য় খন্ড পাতা নং-৬৩ অধ্যায় হিন্দুস্থানের যুদ্ধ) ঈমাম নেশাই ৩০২ হিজরীতে ওফাত প্রাপ্ত হোন। উনি উনার রচিত "সুলতান মাহামুদ গজনবীর হিন্দুস্থান আক্রমন" পুস্তকে (৩৯২ হিজরীতে) প্রায় একশত বৎসর পূর্বে লিখে গেছেন। দুনিয়ার সমস্ত লোক স্বাক্ষী আছে হুজুর পাক সাল্লাল্লাহো তায়ালা আলাইহে ওয়া সাল্লাম শত শত বৎসর পূর্বে হিন্দুস্থান আক্রমন সম্বন্ধে যে গায়েবের সংবাদ দিয়েছিলেন তাহা অক্ষরে অক্ষরে ফলেছে। মহাম্মাদ বিন কাশিম সিন্ধু মাকরান নামক জায়গায় যুদ্ধ করেছিলেন। মহঃ গজনবী এবং সাহাবুদ্দিন ঘোরী হিন্দুস্থানে সোমনাথ ও আজমিরে যুদ্ধ করে এবং আরো অন্যান্য যুদ্ধ করে এই দেশের ইসলামের ঝান্ডা উড়িয়ে ছিলেন। এমনকি হিন্দুস্থানের নাগাল্যান্ড পাহাড়ের চূড়া থেকে হিন্দু কুশ পর্যন্ত কন্যা কুমারি থেকে হিমালয়ের চূড়া পর্যন্ত ইসলামের বিজয় নিশান উড়িয়ে ছিলেন। যখন ইসলাম হেজাজের জমিনে সম্পূর্ণ পৌছায় নাই তখন গায়েবের সংবাদ দাতা নবী পাক এই খবর পেশ করেন যাহা পরবর্তীকালে প্রতি ইঞ্চি, ইঞ্চি পরিমান বাস্তবে প্রকাশ পেয়েছে কে এমন আছে যে গায়েবের সংবাদ দাতা নবী পাকের দরবারে এইভাবে নাজরানা আক্বীদাত পেশ করবে না?

ছন্দ

সারে আরশ পার হায় তেরি গুজার,
দিলে ফারশ পার হায় তেরি নজর।
মালকুত ও মালাক মে কোই শায়ে,
ওহ নেহি যো তুঝপে আয়া নেহি।।

pdf By Syed Mostafa Sakib

৪। <u>হেজাজের বুকে আগ্নি নির্গত হবেঃ-</u> হযরত আবু হোরাইর রাদিয়াল্লাহ তায়াল আনহুর বর্ণনা। হুযুর সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম এরসাদ করেছেন যে কেয়ামত ঐ পর্যন্ত হবে না যতক্ষন পর্যন্ত হেজাজের সরজমিনে এমন আগুন না বের হবে যে আগুনের উজ্জ্বল আলোকে বসরার উঁটের ঘাড় দেখা যাবে। (মুসলীম শরিফ জিলদ নং- ২ পাতা নং- ৩৯৩ অধ্যায় কিতাবুল ফিতান) ৬৫৪ হিজরীতে এই গায়েবের কথা প্রকাশিত হয়েছিল। যেহেতু এই হাদিসের বিস্তৃত ব্যখ্যায় ইমাম নববি বলেন, এ আগুন আমাদের জামানায় ৬৫৪ হিজরীতে মদিনার মধ্যে প্রকাশ হয়। এই আগুনের ঝলক এত বিশাল ছিল যে, মদিনার পূর্ব দিকে শুরু করে "হোর্‌রা" নামক পাহাড় পর্যন্ত বিস্তার লাভ করেছিল। এই আগুনের দৃশ্য সামদেশ এবং সমস্ত শহর বাসিদের নজরে আসে। এ ব্যাপারে আমাকে যিনি অবগত করান তিনি তখনও মদিনায় জীবিত ছিলেন। (শরহে মুসলীম নববি ২য় খন্ড পাতা নং- ৩৯২ অধ্যায় কিতাবুল ফিতান) সুবহানআল্লাহ! উক্ত ঘটনায় দিবালকের ন্যায় পরিস্কার হয়েগেল হুযুর সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম গায়েবের খবর ব্যাপারে চক্ষুস্মান। আর হবেই না বা কেন যিনি নবী হবেন তিনি অবশ্যই গায়েবের খবর দাতা হবেন।

৫। <u>"বিবাদ বিসমবাদের" খবরঃ-</u> হযরত হুজাইফা বিন ইয়ামন সাহেবী রাদিয়াল্লাহ আনহু বর্ণনা করেন-খোদার কসম আমি জানতাম না আমার সাথি ভূলে যাবে, যেনেও না জানার ভান করবে। দুনিয়া ধ্বংস হওয়া অবধি বিবাদকারী, যতবন্দী যার সংখ্যা ৩০০ (তিন শত) হবে তাঁর চেয়ে বেশিও যদি হয় এই সমস্ত ফেৎনা ফাসাদ কারীদের নাম, তাদের পিতার নাম, তাদের গোত্রের নাম রসুলুল্লাহ সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম আমাদেরকে শুনিয়ে দিয়েছেন (আবু দাউদ ২য় খন্ড, পাতা নং- ২৩১ অধ্যায় কিতাবুল ফিতান) এই হাদীস পাক পরিস্কার প্রমান হয়ে যাচ্ছে যে, কেয়ামত পর্যন্ত জন্ম হওয়া যত গুমরাহ ও ফেৎনা সৃষ্টিকারী আর অন্যান্য বিবাদকারীদের লক্ষ লক্ষ সরদার, দলপতি, তাদের পিতার নাম সহ হুজুর সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম স্বীয় সাহাবিদেরকে অবগত করান (জানিয়ে দেন) প্রকাশ থাকে যে এটাও একটি ইলমে গায়েব অর্থাৎ গায়েবের সংবাদ।

৬। <u>"খয়বরের" বিজয়লাভ কার দ্বারা হবেঃ-</u> খয়বরের যুদ্ধ চলাকালীন একদিন গায়েবের সংবাদ পরিবেশনকারী নবী পাক সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম বললেন, আমি আগামিকাল এমনই একজন ব্যক্তির হাতে ঝান্ডা তুলে দিব যে আল্লাহ ও তার রসুলকে মহব্বত করে এবং আল্লাহ ও আল্লাহর রাসুল তাকে ভলোবাসে। তার হাতে খয়বর বিজয় লাভ করবে এই সংবাদ শ্রবন করে যুদ্ধের সমস্ত মুজাহিদগণ অধির আগ্রহে, নিশি জেগে প্রহর গুনতে লাগল- কে সেই ভাগ্যবান বন্দা? কে সেই খুশনসীব ওয়ালা? যার মস্তকে এই শহিদের সাহারা বাঁধা আছে? সকাল বেলায় সবাই বারগাহে রেসালতে (নবী পাকের কাছে) হাজির (উপস্থিৎ) হলেন। এই আকঙ্খা নিয়ে হয়তো বা তার ভাগ্যে জুটবে এই সৌভাগ্যের মুকুট, প্রত্যেকে আওয়াজ শুনার জন্য কান খাড়া করে আছেন। শাহানশাহে মদিনা ডাক ছাড়লেন, আলী বিন আবি তালেব কোথায়? উপস্থিত লোকেরা বললেন ইয় রাসুলুল্লাহ সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম, উনি চক্ষু রোগে আক্রান্ত। হুকুম হল সংবাদ বাহক পাঠিয়ে উনাকে ডাকাও। যখন হজরত আলী রাদিয়াল্লাহ তা'লা আনহু দরবারে নবী পাকে হাজীর হলেন, তখন হুযুর আকদাস সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম তার চোখে পবিত্র থুতু লাগিয়ে দোয়া করলেন ফলে রোগ সেরে গেল। অবস্থা এমন হল যে মনে হল ইতি পূর্বে কোন দিনেই চোখের ব্যারাম হয় নাই। হযরত আলি রাদিয়াল্লাহ তায়ালার হাতে যুদ্ধের ঝান্ডা তুলে দিলেন এবং ঐ দিনই খয়বরের জমিন তাঁর হাতে চলে আসে। (বোখারী শরিফ দ্বিতীয় খন্ড পৃষ্ঠা নং- ৬০৫ অধ্যায় খয়বর বিজয়) উক্ত হাদীসে প্রমান হচ্ছে যে, হুযুর পাক সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম মাত্র (১) একদিন পূর্বেই বলেই দিলেন খইবর হযরত আলী রাদিয়াল্লাহো আনহোর হাতে বিজয় লাভ করবে। আগামী কাল কে কি করবে এই বিষয়ের উপর মন্তব্য করাই হল ইলমে গায়েব-যা আল্লাহ পাক হুযুর পাককে দান করেছেন। উল্লেখিত ঘটনাটি হাজারো ঘটনার মধ্যে একটি যার মধ্যে হুযুরপাক সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম ইলমে গায়েবের খবর দিয়েছেন। নিঃসন্দেহে এই ধরনের হাজরো ঘটনাবলি শিয়াসত্তার হাদিস ছাড়াও আরো অনেক কেতাবের মধ্যে (হাদিসের কিতাব) নক্ষত্রের ন্যায় জ্বল জ্বল করছে। উম্মতদের কানে কানে শুর ভেসে আসছে, আবাদ থেকে আজাল পর্যন্ত (কবে শুরু হয়েছিল এবং কবে শেষ হবে)। সমস্ত ইলমে গায়েবের খাজানা আল্লাহ রাব্বুল আলেমিন স্বীয় হাবীব সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লামকে মার্যাদা পূর্ণ নবুওত

pdf By Syed Mostafa Sakib

দানের সাথে সাথে ইলমে গায়েব দান করেছেন। এতএব প্রত্যেক উম্মতকে এই আকিদা পোষন করা একান্ত জরুরী যে, আল্লাহতায়ালা স্বীয় হাবিবের প্রতি গায়েব দান করেছেন। পবিত্র কোরান পাকে গায়েবের খবরের ব্যাপারে মহান শিক্ষার সুগন্ধ আছে যাহা দুনিয়ার আহ্‌লে সুন্নাতের মধ্যে ব্যাপকভাবে প্রমানিত যেমন খোদাওন্দ করিম এরসাদ করেছেন।

وَعَلَّمَكَ مَالَمْ تَكُنْ تَعْلَمُ وَكَانَ فَضْلُ اللهِ عَلَيْكَ عَظِيْمًا

মহান আল্লাহপাক এই সমস্ত বিষয়ে জ্ঞান দান করেছেন যা আপনার অবগত ছিল না এবং আপনার উপর আল্লাহর বড় মেহেরবানী।

বিঃ দ্রঃ এই বিষয়ের উপর অরো অধিক জানতে হলে মৎ প্রনিত "ইসাবাতে ইলমে গায়েব" পড়ুন।

৭। "মিসর বিজয়ের সু-সংবাদ"ঃ- হযরত আবুজার রাদিয়াল্লাহ আনহু থেকে বর্ণিত হুযুর সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম এরশাদ করেছেন যে, তোমরা অতি শিঘ্রই মিশরের উপর বিজয় লাভ করবে। ওটা এমন দেশ তারা মুদ্রাকে "কিরাত" বলেয খন তোমরা বিজয়লাভ করবে তখন সেখানকার লোকদের সঙ্গে খুব ভালো ব্যবহার করবে কারণ তোমাদেরও তাদের মধ্যে একটা সম্পর্ক ও সম্বন্ধ আছে। হযরত ইসমাইল আলাইহিস সালামের মাতা মিশরের ছিলেন। তাঁর বংশে সমগ্র আরব বাসী। আর যখন দেখবে একটা ইঁট বরাবর যায়গা নিয়ে দুই ব্যক্তির মধ্যে বিবাদ হবে-তোমরা মিশর থেকে বেরিয়ে আসবে। সত্যি সত্যিই আবুজার রাদিয়াল্লাহো আনহো মিশরে স্বচক্ষে অবলোকন করেছেন যে, আব্দুর রহমান বিন তারজিল এবং তদীয় ভ্রাতা রাবিয়া একটি ইঁট বরাবর জায়গা নিয়ে দ্বন্দ্ব-কলহে লিপ্ত হয়েছে। এই দৃশ্য অবলোকন করার পর হযরত আবুজার রাদিয়াল্লাহু আনহু হুযুর পাক সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লামের ওসিয়ৎ মোতাবেক মিসর ত্যাগ করে চলে আসেন।

(মুসলিম শরিফ, খন্ড ২, পাতা ৩১১)

৮। "ত্রিশ বছর খেলাফৎ আবার বাদশাহী"ঃ- হযরত সাফিনা রাদিয়াল্লাহো আনহু বলছেন যে, হুযুর আকদাস সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম বলেছেন আমার পর ত্রিশ বৎসর পর্যন্ত খেলাফৎ থাকবে তার পর শুরু হবে বাদশাহির আমল। এই হাদিস পাক শুনে হযরত শাফিনা রাদিয়াল্লাহো আনহো বলেন তোমরা গুনতি করে নাও- হযরত আবুবক্কর রাদিয়াল্লাহো তায়ালা আনহু দুই বৎসর। হযরত উমর ফারুক রাদিয়াল্লাহো তায়ালা

আনহু দশ বৎসর। হযরত ওসমান গনি রাদিয়াল্লাহো তায়ালা আনহু বারো বৎসর। হযরত আলী রাদিয়াল্লাহো তায়ালা আনহু ছয় বৎসর। এই সব মিলিয়ে ৩০ (ত্রিশ) বৎসর হলো (মেশকাত শরিফ ২য় খন্ড পাতা নং ৪৬৩)

৯। "এক বিবাদের (ফেৎনার) আগাম খবর"- হযরত আনেশ রাদিয়াল্লাহ বর্ণনা করেন যে মদিনায় এব বড়ো আবেদ ও জাহেদ যুবক ছিল। আমি একদিন হুযুরের সামনে ঐ নওজয়ান সম্পর্কে আলোচনা করলাম হুযুর তাকে চিনতে পারলেন না। পূণরায় তার সম্পর্কে তার অবস্থা, চলা ফেরার নিয়ম কানুন বর্ণনা করলাম তবুও হুযুর তাকে চিনলেন না। এমনকি হঠাৎ একদিন ঐ যুবক সামনে চলে এল-যখনই তার উপর নজর পড়ল আমি হুযুরকে বললাম হুযুর এই সেই নওজয়ান। হুযুর তার দিকে দৃকপাত করা মাত্রই বললেন, ওর চেহারার মধ্যে শয়তানি ধোকাতে ভরপুর দেখতে পাচ্ছি। ইতি মধ্যে ঐ ব্যাক্তি হুযুরের সামনে এসে সালাম করল- হুযুর তাঁর দিকে তাকিয়ে বললেন কি একথা কি ঠিক নয় তুমি এখনো অন্তরে নিজেকে সবচেয়ে শ্রেষ্ঠ মানুষ বলে মনে করছ? এখানে তোমার চেয়ে শ্রেষ্ঠ আর কেউ নেই। প্রত্যুত্তরে সে বলল, হ্যাঁ-এর পর সে মসজিদের মধ্যে প্রবেশ করল। হুযুর আওয়াজ দিলেন কে একে হত্য করতে চায়? হযরত আবুবক্কর সিদ্দিক রাদিয়াল্লাহো আনহো জবাব দিলেন আমি-যখন এই আশা নিয়ে মসজিদের মধ্যে প্রবেশ করলেন তখন দেখতে পেলেন ঐ লোক নামায পাঠরত অবস্থায়-তা দেখে ফিরে এসে চিন্তা করলেন মনের মধ্যে এক নামাযিকে কী করে হত্যা করা যায়। হুযুর পাক সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম নামাযিকে হত্যা করতে নিষেধ করেছেন। আবার হুযুর আওয়াজ দিলেন কে একে হত্যা করবে? হযরত ওমর ফারুক রাদিয়াল্লাহো আনহো বললেন আমি। হত্যার উদ্দেশ্যে তিনি যখন মসজিদে প্রবেশ করলেন দেখতে পেলেন ঐ যুবক সেজদার অবস্থায় উনিও হত্যা না করে আবু বক্কর সিদ্দিক রাদিয়াল্লাহ আনাহোর পাশে এসে দাঁড়ালেন-পুনরায় হুযুর আওয়াজ দিলেন কে আছ ওকে হত্যা করার জন্য? হযরত আলি রাদিয়াল্লাহো উত্তর করলেন আমি আছি, হুযুর বললেন তুমি অবশ্যই ওকে হত্যা করবে এমনকি তুমি তাকে পেয়েও যাবে।

pdf By Syed Mostafa Sakib

কিন্তু হযরত আলী রাদিয়াল্লাহ মসজিদের
মধ্যে প্রবেশ করলেন দেখলেন ঐ ব্যাক্তি ওখান থেকে চলেগেছে হুযুর এরশাদ করলেন যদি তুমি তাঁকে হত্যা করতে পারতে তাহলে আমার উম্মতের মধ্যে এই লোকটাই প্রথম ও শেষ ব্যাক্তি হত ঝগড়া, বিবাদ সৃষ্টিকারী। আমার উম্মতের মধ্যে জীবনে আর কেহ দুইজন বিবাদকারী ও ঝগড়া করার মতো কেউ থাকত না। কথা হল পইগম্বরের মর্যাদা নিয়ে। ভবিষ্যতের গায়েবের সংবাদ পরিবেশনকারী নবীপাক যার কথা কখনো রদ হতে পারে না। পশ্চিমের সূর্য পূর্ব দিকে ডুবতে পারে কিন্তু নবী পাকের কথা কখনো ভূল হতে পারে না। আমি আপনাকে হক তায়ালার কসম দিচ্ছি আপনি অন্বেষণ করুন-শেষ জামানায় যে বিবাদকারী দলের সম্পর্কে নির্দেশ দিয়েছেন সে দল কারা? কোথায় আছে।

১০। "৭০ হিজরী এবং ছেলের হুকুমত"

হযরত আবু হোরায়রা রাদিয়াল্লাহ আনহু বর্ণনা কারী তিনি বলেছেন হুযুর সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম বলেন ৭০ হিজরীর প্রারম্ভে ছেলেদের শাসন আমলের হাত থেকে নিস্কৃতি পারার জন্য দুওয়া কর। (মেশকাত ২য় খন্ড পাতা নং- ৩২৩) এইভাবে হুযুর সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম বলেন কোরায়শের মধ্যে কয়েকজন ছেলের হাতে আমার উম্মতের ধ্বংস হবে। হযরত আবু হোরাইয়ারা রাদিয়াল্লাহো আনহো এই হাদীস শুনে বললেন, আমি যদি ইচ্ছা করি তাহলে ঐ ছেলের নাম পর্যন্ত বলতে পারি ঐ ব্যক্তি অমুকের পুত্র অমুক এবং অমুকের পুত্র অমুক (বুখারী শরিফ ১ম খন্ড পাতা নং- ৫০৯) তারিখ ইসলাম স্বাক্ষী আছে ৭০ হিজরীর প্রারম্ভে কম বয়সের ছেলের শাসন প্রনালী এমন বিবাদ বিসমবাদে ভরা ছিল যা প্রত্যেক মুসলমানের উচিত খোদার দরবারে দোয়া করা। এই ঘটনার কথা কয়েক বছর পূর্বে হুযুর সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম জানিয়ে দেন। যা অবশ্যই গায়েবের খবর ছিল।

১১। "ইয়েমন, শাম, ইরাক বিজয় লাভ"

হুযুরে আকরাম সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম কয়েক বৎসর পূর্বেই এই গায়েবের খবর জ্ঞাত করান যে, ইয়েমন, শাম এবং ইরাকের উপর বিজয় লাভ হবে। ইয়েমন বিজয়লাভ হওয়ার পর লোক আপন বাহন হাঁকিয়ে তদীয় আহ্লে আওয়াল ও বন্ধু বান্ধবকে নিয়ে মদিনা ছেড়ে ইয়েমন দেশে গমন করবে। অথচ তাঁদের জন্য মদিনা ছিল উত্তম। হায় তাঁরা যদি একথা জানত। আবার যখন শামদেশ বিজয় লাভ হবে তখন কিছু লোক নিজের বংশবলীর লোক ও তাদের অধিনস্থ লোকদের নিয়ে আপন আপন যানবহন নিয়ে মদিনা ছেড়ে শাম দেশ চলে আসবে। তাঁদের জন্য মদিনা ছিল সর্বত্তম। হায় তারা যদি একথ জানত। আবার ইরাক বিজয় লাভ হবে-তখন কিছু লোক নিজের বাড়ির লোক এবং যারা তাদের কথা মানত তাদের নিয়ে ইরাকের উদ্দেশ্যে পাড়ি জমাবে আপন আপন শাওয়ারী (বাহন) নিয়ে অথচ মদিনা তাদের জন্য ছিল খুব আরাম দায়ক। হায় আপশোস! তাঁরা যদি জানত।

বিঃ দ্রঃ ইয়েমন ৭০ হিজরিতে বিজয় লাভ হয় তারপর শাম ও ইরাক নবী পাক সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম কয়েক বৎসর পূর্বেই এখবর জানিয়েদেন। পরবর্তিকালে যাহা অক্ষরে অক্ষরে সম্পন্ন হয়েছিল। (মুসলীম শরিফ ১ম খন্ড পাতা নং- ৪৪৫)

১২। "শয়তানের কারসাজির আগাম খবর"

ঘটনার বর্ণনাকারী হযরত আবু হোরায়রা রাদিয়াল্লাহো আনহু উনি নিজেই বলছেন (ব্যাক্ত করেন) যে একবার হুযুর পাক সাল্লাল্লাহো আলাইহে ওয়া সাল্লাম আমাকে সাদকা ফিৎরার টাকা দেখা শুনার দায়িত্ব প্রদান করেন। আমি ওই সব কিছুর দেখা শুনা করিতেছিলাম। একদিন এক ব্যাক্তি মুষ্টি ভরে নিয়ে চলে যাচ্ছিল আমি তাকে ধরে ফেললাম। ও তখন আমাকে বলতে লাগল আমি পরমুখা পেখি অপরাগ খুব দরকার। আমি তাঁকে ছেড়ে দিলাম সকালে হুযুরের দরবারে গিয়ে হাজির হলাম হুযুর পাক বললেন হে আবু হোরাইরা রাত্রে তোমার কয়েদি তোমাকে কী বলেছিল? আমি নিবেদন করলাম হুযুর ওই ব্যাক্তির

pdf By Syed Mostafa Sakib

